


অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনা, ২০২২-২৩ অনুযায়ী মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ) পরিবীক্ষণ প্রতিবেদন

গত ৩০/০৩/২০২৩ তারিখ ২০২২-২৩ অর্থবছরের অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনা ত্রৈমাসিকভিত্তিক পরিবীক্ষণ করা হয় এবং পরিবীক্ষণের আলোকে গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নের ছকে উপস্থাপন করা হলো।

কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	পরিবীক্ষণ	পরিবীক্ষণের আলোকে গৃহীত সিদ্ধান্ত
[১.১] অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) ও আপিল কর্মকর্তার তথ্য ওয়েবসাইটে এবং জিআরএস সফটওয়্যারে (প্রয়োজ্য ক্ষেত্রে) ত্রৈমাসিকভিত্তিতে হালনাগাদকরণ	[১.১.১] অনিক ও আপিল কর্মকর্তার তথ্য হালনাগাদকৃত এবং ওয়েবসাইটে আপলোডকৃত	মন্ত্রণালয়ের ওয়েবসাইটের অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত সেবাবক্সে আপলোডকৃত অনিক ও আপিল কর্মকর্তার তথ্য যাচাই করা হয়। বিদ্যমান আপীল ও অনিক দু'জনেই জানুয়ারি ২০২৩ মাসে পিআরএল গমন করেন। ফলে ০১ ফেব্রুয়ারি ২০২৩ মাসে নতুন আপীল ও অনিক মনোনয়ন করা হয়। ফলে ৩য় ত্রৈমাসিকে (জানুয়ারি-মার্চ) আপীল ও অনিক পরিবর্তিত হয়েছে।	অনিক ও আপিল কর্মকর্তা পিআরএল গমন করায় ৩য় ত্রৈমাসিকে (জানুয়ারি-মার্চ) নতুন আপীল ও অনিক মনোনয়ন প্রদান করা হয়েছে। বিষয়টি পত্রের মাধ্যমে মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।
[১.২] নির্দিষ্ট সময়ে অনলাইন/ অফলাইনে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তি	[১.২.১] অভিযোগ নিষ্পত্তিকৃত	৩য় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ, ২০২৩ মাস) পর্যন্ত প্রাপ্ত অভিযোগ ও নিষ্পত্তির বিষয় যাচাই করা হয়। যাচাইয়ে দেখা যায় যে, ৩য় ত্রৈমাসিকে মোট ১২টি অভিযোগ পাওয়া গেছে যার একটি স্ব-প্রণোদিতভাবে গৃহীত হয়েছে দেখা যায়। সফটওয়্যারে স্ব-প্রণোদিতভাবে গৃহীত অভিযোগের বিষয়ে কোন কার্যক্রম গ্রহণ করার অপশন না থাকায় কার্যক্রম গ্রহণ করা সম্ভব হচ্ছে না। তাছাড়া মোট ১২টি অভিযোগের মধ্যে ১০টি নিষ্পত্তি দেখানো হলেও অবশিষ্ট ২টি অভিযোগের তথ্য প্রতিবেদনে নেই	<ul style="list-style-type: none"> অভিযোগ রেজিস্টার অনুযায়ী ৩য় ত্রৈমাসিকে প্রাপ্ত ১২টি অভিযোগের ১১টি নিষ্পত্তি হয়েছে এবং স্ব-প্রণোদিতভাবে গৃহীত অভিযোগটি অনিষ্পন্ন আছে। সে হিসেবে ৩য় ত্রৈমাসিকে নিষ্পত্তির হার ৯১.৬৬%। ইতোমধ্যে স্ব-প্রণোদিতভাবে গৃহীত অভিযোগটি নিষ্পত্তির জন্য মন্ত্রিপরিষদ বিভাগে পত্র দেয়া হয়েছে। অভিযোগ রেজিস্টার ও অনলাইন প্রতিবেদনে প্রাপ্ত অভিযোগ সংক্রান্ত তথ্যের গরমিলের বিষয়টি এখনো বিদ্যমান আছে। বিষয়টি পুনরায় মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।
[১.৩] অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত মাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ	[১.৩.১] প্রতিবেদন প্রেরিত	মাসিক প্রতিবেদন প্রেরণ সংক্রান্ত কার্যক্রম যাচাইয়ে দেখা যায় যে, জুলাই/২০২২-ফেব্রুয়ারি/২০২৩ পর্যন্ত ৮ মাসের মাসিক প্রতিবেদন প্রণয়ন ও মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ এবং ওয়েবসাইটের জিআরএস সেবাবক্সে	মার্চ/২০২৩ মাসের প্রতিবেদন এপ্রিল ২০২৩ মাসের ১ম সপ্তাহে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।




		আপলোড করা হয়েছে। মার্চ/২০২৩ মাসের প্রতিবেদন এপ্রিল ২০২৩ মাসের ১ম সপ্তাহে প্রেরণ করা হবে।	
[২.১] কর্মকর্তা/কর্মচারীদের অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং জিআরএস সফটওয়্যার বিষয়ক প্রশিক্ষণ আয়োজন	[২.১.১] প্রশিক্ষণ আয়োজিত	গত ২২ ফেব্রুয়ারি, ২০২৩ তারিখ অভিযোগ প্রতিকার ব্যবস্থা ও জিআরএস সফটওয়্যার বিষয়ে কর্মকর্তাদের অংশগ্রহণে প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে।	অনুষ্ঠিত প্রশিক্ষণের প্রমাণক মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ ও সেবাবক্সে আপলোড করা হবে।
[২.২] ত্রৈমাসিকভিত্তিতে পরিবীক্ষণ এবং ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ	[২.২.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরিত	৩য় ত্রৈমাসিক পরিবীক্ষণের অংশ হিসেবে ৩০/০৩/২০২৩ তারিখ জিআরএস কর্মপরিকল্পনা পরিবীক্ষণ করা হয়।	পরিবীক্ষণকৃত প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ ও সেবাবক্সে আপলোড করার সিদ্ধান্ত গৃহীত হয়।
[২.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন	[২.৩.১] সভা আয়োজিত	স্টেকহোল্ডারগণের সমন্বয়ে ২য় অবহিতকরণ সভা ৪র্থ ত্রৈমাসিকে অনুষ্ঠিত হবে।	স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অনুষ্ঠিত ১ম অবহিতকরণ সভার কার্যবিবরণী আওতাধীন দপ্তর/সংস্থায় প্রেরণ এবং জিআরএস সেবাবক্সে আপলোড করা হয়েছে। প্রমাণক মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।



(মো: আবদুর রহমান)

উপসচিব

ও

সদস্য

অভিযোগ প্রতিকার ব্যবস্থা পরিবীক্ষণ কমিটি



(শাহীনা ফেরদৌসী)

যুগ্মসচিব

ও

আহবায়ক

অভিযোগ প্রতিকার ব্যবস্থা পরিবীক্ষণ কমিটি